বগুড়ায় বিশাল সমাবেশে দেশবাসীর প্রতি খালেদা জিয়া

দোয়া করুন তারেক যেনো সুস্থ হয়ে দ্রুত দেশে ফিরতে পারে

দেশব্যাপী তারেক রহমানের ৪৫তম জন্মবার্ষিকী পালিত

বগুড়া থেকে মহসিন রাজু

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া তার জ্যেষ্ঠ পুত্র তারেক রহমানের ৪৫তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক বিশাল সমাবেশে প্রধান অতিথির বক্তব্য দিতে গিয়ে দেশবাসীর কাছে তারেক রহমানের জন্য দোয়া কামনা করে বলেছেন, "আপনারা দোয়া করুন, যেন তারেক রহমান দ্রুত সুস্থ হয়ে দেশে ফিরে আসতে পারে।" সমাবেশে তিনি অত্যন্ত আবেগজড়িত কণ্ঠে বলেন, ২০০৭ সালে যে ছেলেকে যৌথবাহিনী পায়ে হাঁটিয়ে বাসা থেকে নিয়ে গেছে সেই ছেলেকে স্ট্রেচারে করে চিকিৎসার জন্য বিদেশে পাঠাতে হয়েছে। যৌথ বাহিনীর হাতে থাকাকালে যদি সময়মত চিকিৎসা করা হতো তাহলে তার সুস্থ হয়ে উঠতে এতো সময় লাগতো না। বেগম খালেদা জিয়া বলেন, তারেক রহমান সারাদেশে উন্নয়ন কর্মকাণ্ডসহ যেসব সেবামূলক কাজ করে যেতো তার অনুপস্থিতিতে ছাত্রদল সেই একই ধরনের কাজ করে যাওয়ায় আমি অত্যন্ত আনন্দিত।

বেগম খালেদা জিয়া গতকাল শুক্রবার বিকেলে বগুড়া সুলতানগঞ্জ হাই স্কুল মাঠে জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সংসদ আয়োজিত বিএনপি'র সিনিয়র যুগ্ম-মহাসচিব তারেক রহমানের ৪৫তম জন্মবার্ষিকীতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দিচ্ছিলেন। সভায় সভাপতিত্ব করেন ছাত্রদল সভাপতি সুলতান সালাউদ্দিন টুকু। স্বাগত বক্তব্য রাখেন বিএনপি বগুড়া জেলা আহ্বায়ক কমিটির আহ্বায়ক ও বগুড়া পৌরসভার চেয়ারম্যান এ্যাড. মাহবুবুর রহমান, যুগ্ম-আহ্বায়ক সাইফুল ইসলাম। বক্তব্য রাখেন কেন্দ্রীয় বিএনপি'র মহাসচিব এ্যাড. খোন্দকার দেলোয়ার হোসেন, বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন, সংসদ সদস্য ব্যারিস্টার মওদুদ আহমেদ, সংসদ সদস্য ব্যারিস্টার জমির উদ্দিন, সাবেক মন্ত্রী আমান উল্লাহ আমান, সাবেক মন্ত্রী মীর্জা আব্বাস, কেন্দ্রীয় যুবদল সভাপতি বরকতুল্লাহ ভুলু, কেন্দ্রীয় নেতা ফজলুল হক মিলন ও ছাত্রনেতা শহিদুল ইসলাম বাবু প্রমুখ।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাবেক মন্ত্রী আব্দুল্লাহ আল নোমান, বিএনপি নেতা নাজিমুদ্দিন আলম, ইলিয়াস আলী, বেগম সারোয়ারী রহমান, হাবিবুন নবী খান সোহেল, মোয়াজ্জেম হোসেন আলাল, মিজানুর রহমান মিনু, রুহুল কুদ্দুস তালুকদার দুলু, ব্যারিস্টার শাহজাহান ওমর, মীর নাসির, জিয়াউল হক জিয়া, শিরিন সুলতানা, হেলেন জেরিন খান, সেলিম রেজা হাবিব প্রমুখ ।

সমাবেশে বিএনপি'র কেন্দ্রীয় মহাসচিব খোন্দকার দেলোয়ার হোসেন বলেন, সরকার বেগম খালেদা জিয়া ও তার পুত্রদের নামে বারবার মামলা দিয়ে ব্যস্ত রাখার কৌশল নিয়েছে। যাতে এই সরকারের বিরুদ্ধে তাদের নেতৃত্বে কোন আন্দোলন গড়ে না উঠে। তিনি আরো বলেন, দেশের এই দুঃসময়ে খালেদা জিয়ার নেতৃত্বে সকল জাতীয়তাবাদী শক্তির ঐক্যের কোন বিকল্প নেই। সাবেক মন্ত্রী ও বগুড়া-৭ আসনের এমপি ব্যারিস্টার মওদুদ আহমেদ বলেন, এদেশে তারুণ্যের প্রতীক তারেক রহমানের নেতৃত্বের কোন বিকল্প নেই। দল ও দেশকে তারেক শহীদ জিয়ার মতোই নেতৃত্বে এগিয়ে নিবেন, এই বিশ্বাস আমাদের আছে। বগুড়া-৬ আসনের এমপি ও সাবেক স্পীকার ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বগুড়ায় তারেক রহমানের জন্মবার্ষিকী জাতীয় অনুষ্ঠান আয়োজনের জন্য জাতীয়তাবাদী ছাত্রদল নেতৃবৃন্দকে ধন্যবাদ জানান। সাবেক মন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন বলেন, শহীদ জিয়া যেমন দেশের প্রতিটি দুর্যোগ ও দুর্বিপাকে জাতীয় প্রয়োজনে এগিয়ে এসেছিলেন তেমনি তারেক রহমানও একইভাবে দেশের প্রয়োজনে সামনে থেকে নেতৃত্ব দিয়ে যাবে। শহীদ জিয়া, বেগম খালেদা জিয়া এবং তারেক রহমান দেশপ্রেমিক হওয়ায় তারা আজ দেশবিরোধী শক্তির টার্গেট। ১/১১ পরবর্তী সকল অপকর্মের জন্য এবং তারেক রহমানের উপর অমানবিক নির্যাতন চালানোর দায়ে বাংলাদেশের মাটিতে অবশ্যই তাদের বিচারের মুখোমুখি হতে হবে। এছাড়াও অনুষ্ঠানের প্রায় সকল বক্তাই দেশ ও দলের প্রয়োজনে তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনার সিদ্ধান্ত নেয়ার জন্য বেগম খালেদা জিয়ার

প্রতি জোর দাবী জানান।

সমাবেশে বিভিন্ন বক্তা কর্তৃক দ্রুত তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনার জন্য যে দাবী তুলেছেন সে প্রসঙ্গে খালেদা জিয়া বলেন, তারেক রহমানের চিকিৎসা কাজে নিয়োজিত চিকিৎসকরা জানিয়েছেন, তার সুস্থ হতে আরো কিছুদিন সময় লাগবে। তবে প্রতিনিয়তই সে আমার সাথে টেলিফোনে যোগাযোগ রাখছে। গত রাতেও সে টেলিফোনে আমার সাথে কথা বলে বগুড়ার সার্বিক পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর নিয়েছে। এবং আজও এই অনুষ্ঠান সম্পর্কে খোঁজখবর নিয়ে সন্তোষ প্রকাশ করেছে। বেগম খালেদা জিয়া এ ধরনের আয়োজনের মাধ্যমে দুস্থ ও গরিব মানুষের মধ্যে গরু, ছাগল, কম্বল ও সেলাই মেশিন বিতরণের কর্মসূচী নেয়ায় আয়োজকদের বিশেষভাবে ধন্যবাদ জানান। বেগম জিয়া প্রসঙ্গত বগুড়ায় গৃহীত বিভিন্ন উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিশ্রুতি দেন এবং বিশেষ করে বগুড়ায় তারেকের ব্যক্তিগত উদ্যোগে নবনির্মিত বায়তুর রহমান মসজিদের অসমাপ্ত কাজ নির্দিষ্ট ডিজাইন অনুযায়ী খুব দ্রুত শেষ করা হবে বলে ঘোষণা দেন। তিনি বার বার বগুড়ায় সংসদ নির্বাচনে বিএনপিকে বিজয়ী করার জন্য বগুড়াবাসীকে অভিনন্দন ও কৃতজ্ঞতা জানান।

এর পূর্বে বেগম জিয়া সমাবেশস্থলে এসে বেলুন ও ফেস্টুন উড়িয়ে তারেক রহমানের ৪৫তম জন্মদিনের জাতীয় অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন। এ সময় দুস্থদের মাঝে সেলাই মেশিন, গরু, ছাগল ও কম্বল বিতরণ করেন। প্রধান অতিথির বক্তব্যের শেষে তিনি চিত্রাংকন, খেলাধুলা, রচনা ও সাঁতার প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠান উপলক্ষে গত তিনদিন ধরে গোটা বগুড়া জেলায় বিএনপি ও এর অঙ্গ সংগঠনের পক্ষ থেকে ব্যানার, ফেস্টুন, প্লাকার্ড, ছোট ছোট পতাকা এবং আলোকসজ্জার মাধ্যমে এক উৎসবমুখর পরিস্থিতি তৈরী করা হয়। এছাড়া গতকাল সারাদেশ থেকে জাতীয়তাবাদী ছাত্রদলসহ বিএনপি ও এর অঙ্গ সংগঠনসমূহের নেতাকর্মীরা গাড়ীর বহর নিয়ে অনুষ্ঠানস্থলে উপস্থিত হন।

মিষ্টি বিতরণ ও কেক কেটে ঢাবিতে

জন্মদিন পালন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, এদিকে মিষ্টি বিতরণ ও বিশাল কেক কেটে তারেক রহমানের ৪৫তম জন্মদিন পালন করেছে জাতীয়তাবাদী ছাত্রদল। গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের হাকিম চত্বরে সংগঠনটি এ জন্মদিন কর্মসূচী পালন করে।

সকালে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ ও যুগ্ম সম্পাদক সাদীউল কবির নিরবের নেতৃত্বে প্রায় শতাধিক নেতাকর্মী তারেক রহমানের জন্মদিন উদযাপন উপলক্ষে জড়ো হয়। নেতাকর্মীরা বিশাল বড় কেক কেটে তাদের নেতার জন্মদিন পালন করে। পরে উপস্থিত নেতাকর্মীদের তারা মিষ্টিমুখ করান।

এ সময়ে ছাত্রদল নেতা সাইফুল ইসলাম ফিরোজ বলেন, তারুণ্যের অহংকার তারেক রহমান। তার বিরুদ্ধে ষড়যন্ত্রমূলকভাবে একাধিক মামলা দেয়া হয়েছে। অবিলম্বে সকল মামলা প্রত্যাহার করতে হবে।

এসময় আরো উপস্থিত ছিলেন নির্যাতন প্রতিরোধ ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় আহ্বায়ক খোমেনী ইহ্সান, ছাত্রদলের রাজীব আহসান চৌধুরী পাপ্পু, মোস্তাফিজুর রহমান মোস্তাক, জাহাঙ্গীর আলম হিমেল, এইচ এম কামরুজ্জামান কচি, আবু ফয়সাল জিহাদ, আলতাকী আতিক, মোস্তাফিজুর রহমান মোস্তাক, পার্থদেব মণ্ডল, হাফিজুর রহমান, ইমরান, নিলয় সরকার, আলমগীর কবীর ও মুস্তাকিম বিলাহ প্রমুখ।

এদিকে, ছাত্রদলের সভাপতি সুলতান সালাউদ্দিন টুকু ও সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম আলীমের নেতৃত্বে বগুড়ায় তারেক রহমানের জন্মদিন পালন করে। তবে এই অংশটির অভ্যন্তরীণ কোন্দলের কারণে বিগত কয়েকদিন ক্যাম্পাসে কোন ধরনের কর্মসূচী পালন হয়নি।

ঢাকাস্থ চাঁদপুর জেলা জাতীয়তাবাদী ফোরামের অনুষ্ঠান

জাতীয় প্রেস ক্লাব মিলনায়তনে 'ঢাকাস্থ চাঁদপুর জেলা জাতীয়বাদী ফোরামের' উদ্যোগে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব তারেক রহমানের ৪৫তম জন্ম বার্ষিকী উপলক্ষে গতকাল এক আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমেদ এমপি। ফোরামের সভাপতি যুবদল কেন্দ্রীয় নেতা মোঃ নাসিরউদ্দিন পাটোয়ারীর সভাপতিত্বে উক্ত সভায় বক্তব্য রাখেন বিএনপির যুগ্ম মহাসচিব নজরুল ইসলাম খান, রাসেদা বেগম হিরা এমপি, চাঁদপুর পৌরসভার সাবেক মেয়র শফিকুর রহমান ভূইয়া, ফোরামের সাধারণ সম্পাদক শ্রমিকদল নেতা এসএম মোশাররফ হোসেন মিলন, মোঃ সামচুল হুদা পাটোয়ারী, আনোয়ার হোসেন শুক্কুর, শফিকুল ইসলাম শফিক, এডভোকেট জাহানারা বেগম, মাওলানা নজরুল ইসলাম, বিল্লাল মোল্লা, এডভোকেট রফিকুল ইসলাম, মকবুল হোসেন, মুকুল, মোঃ আবুল কালাম জমাদার, ডা. আনোয়ার হোসেন, মোঃ মিজানুর রহমান, জাহাঙ্গীর আলম শাহীন, এডভোকেট মিজানুর রহমান সেবন, মেজবাহ উদ্দিন মেজু, নূরুর রহমান দুলাল, আয়োজক সংগঠনের দফতর সম্পাদক জাহাঙ্গীর আলম শাহীন প্রমুখ।

সভায় প্রধান অতিথির বক্তব্যে ব্যারিস্টার মওদুদ বলেন, তরুণ প্রজন্মের অহংকার তারেক রহমান শুধু জাতীয়বাদী দলের অহংকার নন তিনি দেশ ও জাতির অহংকার। বিগত দিনগুলোতে তারেক রহমান যখন শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ন্যায় দেশের সার্বিক উন্নয়নে নিরলসভাবে ব্যাপক কার্যক্রম চালিয়ে যাচ্ছিলেন তখন প্রতিহিংসাপরায়ণ গোষ্ঠীর ইশারায় তথাকথিত দুর্ণীতি দমনের নামে তাকে মেরে ফেলার চেষ্টা করা হয়েছিল। প্রকৃত অর্থে দুর্নীতির নামে তারেক রহমানের বিরুদ্ধে কোন প্রমাণই পাওয়া যায়নি।

পীরগঞ্জ (রংপুর) উপজেলা সংবাদদাতা জানান, গতকাল পীরগঞ্জ থানা বিএনপি ও অঙ্গ সংগঠনসমূহ দলীয় কার্যালয়ে কেক কেটে দোয়া মাহফিলের আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন রংপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও পীরগঞ্জ থানা বিএনপির কো-আহ্বায়ক মোঃ সাইফুল ইসলাম।

চাঁপাইনবাবগঞ্জ জেলা সংবাদদাতা জানান, কর্মসূচীর মধ্য ছিলো কেক কাটা, আলোচনা সভা ও দোয়া মাহফিল। বিকালে শহরের পাঠানপাড়াস্থ বিএনপি কার্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদল কেক কেটে তারেক রহমানের জন্মদিন পালন করে। সেখানে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন বিএনপি নেতা এ্যাড. ময়েজ উদ্দিন, জাহাঙ্গীর কবির, আমিনুল ইসলাম মতি, ছাত্রদল নেতা আনারুল ইসলাম প্রমুখ।

সিরাজগঞ্জের পথসভায় বেগম খালেদা জিয়া

সিরাজগঞ্জ জেলা সংবাদদাতা জানান, বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া গত তত্ত্বাবধায়ক সরকারের অনিয়মের কথা উল্লেখ করে বলেন, যখন আমার দলকে সুসংগঠিত করে এগিয়ে চলছিলাম ঠিক তখনই শুরু হয় আমার উপর নানা ষড়যন্ত্র। সে চক্রান্তের শিকার হয় আমার দল এবং আমিসহ আমার দু'সন্তান। আমি যাতে নির্বাচনে বিজয়ী না হতে পারি সেজন্য কোকোসহ তারেকের উপর চলে অমানুষিক নির্যাতন। যার ফলে তাকে পঙ্গু করে বাংলাদেশ থেকে তাড়িয়ে দেয়া হয়েছে। আপনারা দোয়া করবেন তারেক রহমান যেন সুস্থ হয়ে এদেশে ফিরে বিএনপির হাল ধরে তার পিতার ন্যায় মানুষের সেবা, দেশের সেবা করতে পারে। বেগম জিয়া গতকাল (শুক্রবার) সকালে তারেক রহমানের ৪৫তম জন্মবার্ষিকী উপলক্ষে বগুড়া সফরে যাওয়ার সময় সিরাজগঞ্জ সয়দাবাদে বেলকুচি উপজেলা ছাত্রদল আয়োজিত পথসভায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথাগুলো বলেন। জেলা বিএনপির সভাপতি ইকবাল হাসান মাহমুদ টুকুর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বিএনপির কেন্দ্রীয় নেতা সাবেক মেয়র মিজানুর রহমান মিনু, সংসদ সদস্য আসি আশরাফি পাপিয়া, বরকতুল্লাহ বুলু, কেন্দ্রীয় ছাত্রদলের সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম খান আলিম প্রমুখ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম ব্যুরো জানায়, জাতীয়তাবাদী দল, যুবদল, ছাত্রদল চট্টগ্রাম নগর শাখার উদ্যোগে তারেক রহমানের

জন্মদিন পালন করা হয়। গতকাল সংগঠনের নাসিমন ভবনস্থ দলীয় কার্যালয়ে কেক কেটে জন্মদিন অনুষ্ঠানের সূচনা করা হয়। পরে গরীব-দুস্থদের মাঝে খাবার ও চাল বিতরণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য এ এম নাজিম উদ্দিন, বিএনপি নেতা কাউন্সিলর শামসুল আলম, এম এ সবুর, এডভোকেট আবদুস সাত্তার, আবুল হাসেম বক্কর, জামাল আহমদ, সৌরভ কোম্পানী, এস কে খোদা তোতন, আবু ছালেহ, মোহাম্মদ আলী, ইয়াছিন চৌধুরী লিটন প্রমুখ।

সিলেট অফিস জানায়, বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব তারেক রহমানের জন্মদিন সিলেটে পালিত হয়েছে। বৃহস্পতিবার রাত ১২টা ১ মিনিটে কেক কেটে জন্মদিন পালন করে সিলেট জেলা ও মহানগর বিএনপির সাইফুর অনুসারীরা। মহানগরীর একটি কমিউনিটি সেন্টারে জন্মদিন উপলক্ষে আয়োজন করা হয় এক বর্ণাঢ্য অনুষ্ঠানের। অনুষ্ঠানে মহানগর বিএনপির আহবায়ক ডাঃ শাহরিয়ার হোসেন চৌধুরী, আবুল কাহের শামীম, সাবেক সভাপতি আরিফুল হক চৌধুরী, কয়েস লোদী প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে জেলা এবং মহানগর ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ময়মনসিংহ আঞ্চলিক অফিস জানায়, বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার পুত্র তারেক রহমানের জন্মদিনকে ঘিরে বগুড়ামুখী ছিল ময়মনসিংহ বিএনপির নেতারা। বেশ তোড়জোড় ছিল বর্তমান ও সাবেক ছাত্র নেতাদের। প্রত্যেকেই নিজস্ব কর্মীবাহিনী সাথে নিয়ে শোডাউনের প্রতিযোগিতায় নেমেছিলেন। ময়মনসিংহ থেকে প্রায় অর্ধ-শতাধিক মাইক্রোবাস বগুড়ায় তারেক রহমানের জন্মদিন উৎসবে যোগ দেয়। জেলা ছাত্রদলের সভাপতি-সাধারণ সম্পাদকের নেতৃত্বে একটি গাড়ীবহর এবং সাংগঠনিক সম্পাদক সুজাউদ্দৌলা সুজা, সহ-সভাপতি জগলুল হায়দার, যুগ্ম সাধারণ সম্পাদক শহীদুল ইসলামের নেতৃত্বে অপর একটি গাড়ীবহর জন্মদিন উৎসবে যোগ দেয়।

কিশোরগঞ্জ জেলা সংবাদদাতা জানান, তারেক রহমানের জন্মদিন উপলক্ষে কিশোরগঞ্জ পৌর বিএনপির উদ্যোগে বৃহস্পতিবার রাত ১২টায় স্টেশন রোডস্থ ইসলামিয়া মার্কেটের সামনে কেক কাটার মাধ্যমে জন্মদিন উদযাপন করা হয়। কেক কাটা পরবর্তী সমাবেশ পৌর বিএনপির সেক্রেটারী হোসাইন আহম্মদ গেন্দুর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা বিএনপির ১নং যুগ্ম আহবায়ক ওয়ালিউল্লাহ রাব্বানী। অন্যান্যের মধ্যে কিশোরগঞ্জ পৌরসভার মেয়র আবু তাহের মিয়া ও জেলা বিএনপির যুগ্ম আহবায়ক নাজমুন্নাহার বেলীসহ পৌর ও জেলা বিএনপির নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। সমাবেশে বক্তারা বলেন, দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র চলছে। তারেক রহমানের জন্মদিনে এদেশের স্বাধীনতা, স্বার্বভৌমত্ব ও গণতন্ত্র রক্ষায় ঐক্যবদ্ধ হওয়ার শপথ নিতে হবে।

কালকিনি উপজেলা সংবাদদাতা জানান, বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব তারেক রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ফজলুল হক বেপারীর উদ্যোগে নিজবাড়ীতে গতকাল সকালে জেলা এবং উপজেলা বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের নিয়ে উৎসবমুখর পরিবেশে জন্মবার্ষিকী পালন করা হয়েছে। দোয়া ও মিলাদ মাহফিলসহ কেক কাটা অনুষ্ঠানের উদ্বোধন করেন মাদারীপুর জেলা বিএনপির আহ্বায়ক কাজী হুমায়ুন কবির।

xxxxx